

বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদান পটভূমি

➤ বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদানের কার্যক্রম

উদ্দেশ্য: কৃষি ক্ষেত্রে সার্বিক উন্নয়নের লক্ষ্যে কৃষি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে কৃষি খাতে নতুন নতুন জ্ঞান অর্জন, কৃষি প্রযুক্তি উদ্ভাবন এবং সম্প্রসারণের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালনে উৎসাহিত করা।

➤ বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার পটভূমিকা:

- ১৯৭৩ সালে রাষ্ট্রপতির আদেশ নং ২৯/১৯৭৩ এর মাধ্যমে “বঙ্গবন্ধু পুরস্কার তহবিল” গঠন করা হয়।
- ১৯৭৬ সালে উক্ত আদেশ বাতিল করে রাষ্ট্রপতি পুরস্কার তহবিল অধ্যাদেশ, ১৯৭৬ প্রবর্তন করা হয়।
- বিভিন্ন পর্যায়ে এ পুরস্কারের নাম পরিবর্তনের পর সর্বশেষ গত ৯ জুলাই ২০০৯ তারিখে ২০০৯ সনের ৩৯ নং আইন দ্বারা ‘জাতীয় কৃষি পুরস্কার তহবিল’ সংশোধন করে ‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার তহবিল’ করা হয়।
- এ আইনের আওতায় কৃষি পুরস্কার সংক্রান্ত কার্যক্রম পরিচালনা জন্য মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে গত ৩০/০৪/২০১৪ তারিখে ১০ সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ড পুনঃগঠন করা হয়।
- ‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টি আইন, ২০১৬’ এর ৬(এ) অনুযায়ী বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের বেসরকারি ট্রাস্টি ও সদস্য হিসেবে ডঃ আতিউর রহমান, অধ্যাপক, উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আলহাজ্ব মোঃ মোতাহার হোসেন মোল্লা, পিতা-মৃত মাওলানা মোজাম্মফর আলী মোল্লা, গ্রাম-খোদাজিয়া, পোস্ট ও উপজেলা-কাপাসিয়া, জেলা-গাজীপুর-কে ২ বছরের জন্য বেসরকারি ট্রাস্টি ও সদস্য হিসেবে নিয়োগ করা হয়েছে।
- গত ২২ ডিসেম্বর ২০১৬ তারিখ ‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্টি আইন, ২০১৬’ পাশ হয়।

➤ ইতঃপূর্বে প্রদানকৃত বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার এর বিবরণ:

- আইন অনুযায়ী প্রতি বছর এ পুরস্কার দেয়ার বিধান থাকলেও বাংলা ১৩৮৩ (ইংরেজি ১৯৭৬-৭৭) হতে কৃষি পুরস্কার প্রদান শুরু হয়।
- বাংলা ১৪২০ (ইংরেজি ২০১৩-২০১৪) পর্যন্ত ৩৮ বছরে ২২ বার এ পুরস্কার দেয়া হয়েছে। বিভিন্ন কারণে প্রতি বছর পুরস্কার দেয়া সম্ভব হয়নি।
- এ পর্যন্ত মোট ৬০টি স্বর্ণ, ৩৩৯টি রৌপ্য এবং ৬১০টি ব্রোঞ্জ পদকসহ সর্বমোট ১০০৯টি পুরস্কার দেয়া হয়েছে।
- বিগত ৭ বছরে মোট ৫ বার – বাংলা ১৪১৫ (ইংরেজি ২০০৮-০৯), ১৪১৭ (ইংরেজি ২০১০-১১), ১৪৪৮ (ইংরেজি ২০১১-১২), ১৪১৯ (ইংরেজি ২০১২-১৩) প্রদান করা হয়।
- সর্বশেষ ১৪২০ (ইংরেজি ২০১৩-১৪) সনে বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ০৭ জানুয়ারি ২০১৫ তারিখে প্রদান করা হয়েছে।
- এ বছর ‘বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ১৪২১ ও ১৪২২’ প্রদানের কার্যক্রম চলছে।

➤ বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার প্রদানের ক্ষেত্র: ১০ টি বিষয়ে অবদানের জন্য এ পুরস্কার প্রদান করা হয়:

- ১। কৃষি গবেষণায় অবদান
- ২। কৃষি সম্প্রসারণে অবদান
- ৩। প্রতিষ্ঠানিক/সমবায়/কৃষক পর্যায়ে উচ্চ মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ, বিতরণ ও নার্সারী স্থাপন
- ৪। কৃষি উন্নয়নে জন সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ প্রকাশনা ও প্রচারণামূলক কাজ
- ৫। পরিবেশ বান্ধব প্রযুক্তি উদ্ভাবন/ব্যবহার
- ৬। কৃষিতে মহিলাদের অবদান
- ৭। বাণিজ্যিক ভিত্তিক খামার স্থাপন
- ৮। বাণিজ্যিক ভিত্তিতে বনায়ন
- ৯। বাণিজ্যিক ভিত্তিতে গবাদিপশু ও হাঁসমুরগি চাষ
- ১০। বাণিজ্যিক ভিত্তিতে মৎস্য চাষ